রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[মূল্য সংযোজন কর]**

**আদেশ**

তারিখ : ২৭ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১১ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নং ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৫.১৪/১০৪—যেহেতু, 'আশ্রয়ণ প্রকল্প-৩' এর মাধ্যমে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন চরঈশ্বর ইউনিয়নস্থ ভাসানচরে একলক্ষ বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের পুনর্বাসনের জন্য বাস্তবায়িত হচ্ছে এবং প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদন করা গেলে বাংলাদেশের মানবিক ভাবমুর্তি উজ্জ্বল হওয়ার পাশাপাশি আন্তর্জাতিকভাবে বাংলাদেশের অবস্থান আরো সমুন্নত হইবে; এবং

যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড হইতে বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪, তারিখ : ২৮ এপ্রিল, ২০১৪ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ইতোপূর্বে 'আশ্রয়ণ প্রকল্প-২' এর অধীনে বাংলাদেশের ভূমিহীন নাগরিকদের জন্য গৃহ নির্মাণ ও অন্যান্য কাজের জন্য ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর 'যোগানদার' সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, 'আশ্রয়ণ প্রকল্প-৩' এর মাধ্যমে এক লক্ষ রোহিঙ্গার নিরাপত্তার জন্য অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে অবশিষ্ট কার্যক্রম সম্পাদনের উপর শুধুমাত্র 'যোগানদার' সেবার বিপরীতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

**শর্তাবলি**

(ক) এই অব্যাহতি সুবিধা 'আশ্রয়ণ প্রকল্প-৩' সম্পাদনের ক্ষেত্রে শুধুমাত্র 'যোগানদার' সেবার ক্ষেত্রে প্রযোজ্য হইবে। অন্য কোনো সেবা বা পণ্য সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবেনা;


মূল্য : টাকা ৪.০০

(খ) প্রকল্পের মোট বরাদ্দের মধ্যে ১৭০০ কোটি টাকা ইতোমধ্যেই ব্যয়িত হওয়ায় শুধুমাত্র বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ ব্যয়ের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;

(গ) প্রকল্প কার্য সম্পাদনে বাংলাদেশ নৌবাহিনী ও ঠিকাদারের মধ্যে সম্পাদিত প্রাথমিক কার্যাদেশে উল্লিখিত চুক্তিমূল্য কোনোভাবেই পরিবর্তন করা যাইবে না এবং পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের শুল্ক-কর বাবদ বরাদ্দকৃত অর্থ অন্যকোনো খাতে সমন্বয় বা উপযোজন করা যাইবে না;

(ঘ) আলোচ্য প্রকল্প সম্পাদনের বিপরীতে ইতোমধ্যে পরিশোধিত/উৎসে কর্তিত মূসক রিফান্ড দাবি করা যাইবে না; এবং

(ঙ) যে সকল ক্ষেত্রে এই আদেশের আওতায় মূসক অব্যাহতি প্রাপ্ত হইবে সেই সকল ক্ষেত্রে যাবতীয় হিসাব ও ব্যয় বিবরণী আশ্রয়ণ প্রকল্প-৩ বাস্তবায়ন কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অর্থ পরিশোধের পনের (১৫) দিনের মধ্যে অবহিত করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd